

চিঠি দিও

মহাদেব সাহা

করণা করে হলেও চিঠি দিও, থামে ভরে তুলে দিও  
আঙ্গুলের মিহিন সেলাই

ভুল বানানেও লিখো প্রিয়, বেশি হলে কেটে ফেলো তাও,  
এটুকু সামান্য দাবি, চিঠি দিও, তোমার শাড়ির মতো  
অঙ্করের পাড়-বোনা একখানি চিঠি।

চুলের মতন কোনো চিহ্ন দিও বিস্ময় বোঝাতে যদি চাও ...  
বর্ণনা আলস্য লাগে তোমার চোখের মতো চিহ্ন কিছু দিও!

আজো তো অমল আমি চিঠি চাই, পথ চেয়ে আছি,  
আসবেন অচেনা রাজার লোক  
তার হাতে চিঠি দিও, বাড়ি পৌঁছে দেবে ....  
এমন ব্যস্ততা যদি শুদ্ধ করে একটি শব্দই শুধু লিখো, তোমার কুশল! ...

করণা করে হলেও চিঠি দিও, ভুলে গিয়ে ভুল করে একখানি চিঠি  
দিও থামে  
কিছুই লেখার নেই তবু লিখো একটি পাখির শিস  
একটি ফুলের ছোট নাম,

টুকিটাকি হয়তো হারিয়ে গেছে কিছু হয়তো পাওনি খুঁজে  
সেইসব চুপচাপ কোন দুপুরবেলার গল্প  
খুব মেঘ করে এলে কখনো কখনো বড় একা লাগে, তাই লিখো

করণা করে হলেও চিঠি দিও, মিথ্যা করে হলেও বোলো, ভালবাসি !